

বাংলাদেশ খ্রীষ্টান ফেলোশীপ অব অস্ট্রেলিয়া'র

বড়দিন উৎসব ২০১৩

বড়দিন এখন ধর্মীয় গন্তি পেরিয়ে রূপান্তরিত হয়েছে সার্বজনীন আনন্দ উত্সবে। গোটা বিশ্বকে নব অঙ্গিকে সাজিয়ে প্রতিবারের মতো এবারো বড়দিন এসেছিলো মহা আনন্দের প্লাবনে। শান্তি ও সৌহার্দ্যের জয়গান নিয়ে বাংলাদেশ খ্রীষ্টান ফেলোশীপ অব অস্ট্রেলিয়া বিগত ২৫শে ডিসেম্বর রাকডেল ইউনাটিং চার্চ অডিটোরিয়ামে আয়োজন করেছিলো বড়দিন উৎসব ২০১৩। সংগঠনের সকল সদস্য সহ সিডনীর বিশিষ্ট ব্যক্তিবর্গ, বিভিন্ন সংগঠনের নেতৃবর্গ ও মিডিয়ার প্রতিনিধিদের উপস্থিতিতে এ অনুষ্ঠান ছিলো প্রাণবন্ত। সাধারণ সম্পাদক ন্যাঙ্গী লীনা ব্যারেল'র শুভেচ্ছা ও সভাপতি এডওয়ার্ড অশোক অধিকারী'র স্বাগত বক্তব্যের মধ্য দিয়েই বড়দিন উদ্ঘাপন অনুষ্ঠান শুরু হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অস্ট্রেলিয়াস্থ মহামান্য রাষ্ট্রদূত লেং জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরী ছিলেন বড়দিন উৎসবের বিশেষ অতিথি। বড়দিনের বিশেষ প্রার্থনা ও গান, বিশেষ ভোজ, সাংস্কৃতিক অনুষ্ঠান, শিশুদের মাঝে সাতাঙ্গসের আগমন, সদস্যসহ কমিউনিটির সুধীজনের স্পন্সরের আয়োজনে রাফেল ড্র সহ পিঠা ও বিনোদন পর্ব ছিল বড়দিন অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ। এছাড়াও নিম্নিত্বিত শিল্পী হিসেবে উজ্জল, মিহির, তপন ও শুভ'র সম্মিলিত পরিবেশনা ছিলো চমতকার। সংগঠনের পক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে তানিসা, মারভিন, সুজানা, প্রীতম, রোদেলা, জোয়ানা, রাহুল, জারা, এ্যারোন গাইন, স্বর্গ, জ্যোতি, রূপান্তর, সায়লা, রিয়া, ঝঁফিতা, তরঙ্গ, অর্চি ধূর্ব, অমিয়া, জল, এ্যারোন সরকার, আনিকা, ত্রিসা ইশিকা, সোনিয়া, জেসন, শ্যানন, অন্ন, বন্যা, জেসিকা, নিপা, ঝুতু, নোয়েল, জয়িতা, জেনিফার, মোহন, দীপা সরকার, ইন্দিরা বাড়ে, অনুষ্ঠী পাণ্ডে, রথীন ঢালী এ্যাঞ্জেলা ঢালী, কেয়া গিলবার্ট, তুলি ফলিয়া, জুলিয়েট বিশ্বাস, চেরী সরকার, তপন ডি কস্তা, গাব্রিয়েল বিশ্বাস, ডেইজী মিঠু বিশ্বাস, এডওয়ার্ড অশোক অধিকারী। অনুষ্ঠানে ব্রিজেট দীপা বিশ্বাসের সম্পাদনায় প্রকাশিত হয় সংগঠনের নন্দিত মুখ্যপত্র ‘জল’। সংগঠনের সহসভাপতি জুলিয়েট রয় উপস্থিত সকল শুভার্থী, কলাকুশলী, বিজ্ঞাপনদাতা ও র্যাফেল স্পন্সরকারীদের বিশেষ ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। বড়দিন উৎসবের আহ্বায়ক ড: রোনাল্ড পাত্র বলেন, এ অনুষ্ঠান কোন একক প্রচেষ্টার ফসল নয়, বরং সকলের সম্মিলিত সহযোগীতা ও পরিশ্রমের অবদান। সবার প্রতি রইলো

আন্তরিক মঙ্গলবাদ। আশা করি আগামীতেও সকলের পূর্ণ সহযোগীতা অব্যহত থাকবে।





